

💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯১৩

১৩/ কিতাবুল ফারাইয (کتاب الفرائض)

পরিচ্ছেদঃ ১৩৬. আত্মীয়তার মীরাছ মৌখিক স্বীকৃতির মীরাছকে বাতিল করে দেয়।

باب نَسْخ مِيرَاثِ الْعَقْدِ بِمِيرَاثِ الرَّحِم

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبَلٍ، وَعَبْدُ الْعَزِيزِ بْنُ يَحْيَى الْمَعْنَى، _ قَالَ أَحْمَدُ _ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سِلَمَةَ، عَنِ ابْنِ إِسْحَاقَ، عَنْ دَاوُدَ بْنِ الْحُصِيْنِ، قَالَ كُنْتُ أَقْرَأُ عَلَى أُمِّ سَعْدِ بِنْتِ الرَّبِيعِ وَكَانَتْ يَتِيمَةً فِي حِجْرِ أَبِي بَكْرٍ فَقَرَأْتُ (وَالَّذِينَ عَقَدَتْ أَيْمَانُكُمْ) فَقَالَتْ لاَ تَقْرَأْ (وَالَّذِينَ عَقَدَتْ أَيْمَانُكُمْ) إِنَّمَا نَزُلَتْ فِي أَبِي بَكْرٍ وَالَّذِينَ عَقَدَتْ أَيْمَانُكُمْ) إِنَّمَا نَزَلَتْ فِي أَبِي بَكْرٍ وَابْنِهِ وَالْبَنِهِ وَالْبَنِهِ عَلَيْدِ الرَّحْمَنِ حِينَ أَبَى الإِسْلاَمَ فَحَلَفَ أَبُو بَكْرٍ أَلاَّ يُورِّئِهُ فَلَمَّا أَسْلَمَ أَمْرَ اللَّهُ تَعَالَى نَبِيَّهُ عَبْدِ الرَّحْمَنِ حِينَ أَبَى الإِسْلاَمَ فَحَلَفَ أَبُو بَكْرٍ أَلاَّ يُورِّئِهُ فَلَمَّا أَسْلَمَ أَمْرَ اللَّهُ تَعَالَى نَبِيَّهُ عَبْدِ الرَّحْمَنِ حِينَ أَبَى الإِسْلاَمَ فَحَلَفَ أَبُو بَكْرٍ أَلاَّ يُورِّئِهُ فَلَمَّا أَسْلَمَ أَمْرَ اللَّهُ تَعَالَى نَبِيَّهُ عَبْدِ الرَّحْمَنِ حِينَ أَبَى الإِسْلاَمَ فَحَلَفَ أَبُو بَكْرٍ أَلاً يُورَبِّنَهُ فَلَمَّا أَسْلَمَ أَمْرَ اللَّهُ تَعَالَى نَبِيَّهُ عَلْمُ السَّلاَمُ أَنْ يُؤْتِيَهُ نَصِيبَهُ . زَادَ عَبْدُ الْعَزِيزِ فَمَا أَسْلَمَ حَتَّى حُمِلَ عَلَى الإِسْلاَمِ بِالسَّيْفِ . السَّلاَمُ أَنْ يُؤْتِيَهُ نَصِيبَهُ . زَادَ عَبْدُ الْعَزِيزِ فَمَا أَسْلَمَ حَتَّى حُمِلَ عَلَى الإِسْلاَمِ بِالسَّيْفِ .

বাংলা

২৯১৩. আহমদ ইবন হাম্বল ও আবদুল আযীয় ইবন ইয়াহ্ইয়া (রহঃ) দাউদ ইবন হুসাইন (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি উম্মু সা'দ বিনত রাবী'র কাছে কুরআন মাজীদ পড়তাম, যিনি ইয়াতীম ছিলেন এবং আবূ বকর (রাঃ) এর তত্ত্বাবধানে লালিত-পালিত হন। অতঃপর যখন আমি এই আয়াতঃ (وَالَّذِينَ عَقَدَتْ أَيْمَانُكُمْ) অর্থাৎঃ "যাদের সাথে তোমরা ওয়াদাবদ্ধ তাদের প্রাপ্য তাদের প্রদান করো" তিলাওয়াত করি, তখন তিনি বলেনঃ তুমি এ আয়াত পড়বে না (অর্থাৎ এর উপর আমল করবে না)। কেননা এ আয়াত আবূ বকর (রাঃ) এবং তাঁর পুত্র আব্দুর রহমান এর শানে নাযিল হয়। যখন আবদুর রহমান ইসলাম কবুল করতে অস্বীকার করেন, তখন আবূ বকর (রাঃ) এরূপ শপথ করেন যে, তিনি তাকে মীরাছের অংশ দিবেন না। পরে যখন তিনি [আবদুর রহমান (রাঃ)] ইসলাম কবুল করেন, তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে তাঁর হিসসা দেওয়ার জন্য নির্দেশ দেন।

রাবী আবদুল আযীয় এরূপ অতিরিক্ত বর্ণনা করেছেনঃ তিনি তখন ইসলাম কবুল করেন, যখন ইসলামে তরবারির আধিপত্য প্রতিষ্ঠিত হয়।



English

Narrated Dawud b. al-Husain:

I used to learn the reading of the Qur'an from Umm Sa'd, daughter of al-Rabi'. She was an orphan in the guardianship of Abu Bakr. I read the Qur'anic verse "To those also to whom your right hand was pledged." She said: Do not read the verse; "To those also to whom your right hand was pledged." This was revealed about Abu Bakr and his son 'Abd al-Rahman when he refused to accept Islam. Abu Bakr took an oath that he would not give him a share from inheritance. When he embraced Islam Allah Most High commanded His Prophet () to give him the share.

The narrator 'Abd al-Aziz added: He did not accept Islam until he was urged on Islam by sword.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ দাউদ ইবনল হুসাইন (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন